

মোঃ কামাল মাহমুদ, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), তিনি ১৯৬৯ খ্রি. নড়াইল জেলার কালিয়া উপজেলার বিলব্যাওচ গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ আঃগফুর শেখ ও মাতার নামঃ ফুলজান নিসা। বীরমুক্তিযোদ্ধা ও মুক্তি যুদ্ধের সংগঠক এবং বাংলাদেশের সর্বকনিষ্ঠ শহীদ বুদ্ধিজীবী জনাব শেখ আব্দুস সালাম ছিলেন তাঁর আপন বড় ভাই। তিনি বড়দিয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় ও কালিয়া পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে মাধ্যমিক, সরকারি বি. এল কলেজ খুলনা থেকে উচ্চমাধ্যমিক, এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয় নিয়ে কৃতিত্বের সাথে স্নাতক ও স্নাতকোত্তর সমাপ্ত করেন। তিনি ১৯৯৮ খ্রি. এর ১৫ই সেপ্টেম্বর লোহাগড়া থানাধীন ঐতিহ্যবাহী ইতনা মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে ব্যবস্থাপনা প্রভাষক হিসাবে যোগদান করেন। পরবর্তীতে ২০১৪ খ্রি. এর ০১লা সেপ্টেম্বর সরকারি শহীদ আব্দুস সালাম কলেজ, কালিয়া, নড়াইলে উপাধ্যক্ষ পদে যোগদান করেন এবং ০২/০১/২০২২ খ্রি. তারিখ থেকে অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) হিসাবে সুনামের সহিত কর্মরত আছেন।